খেলা সংক্রান্ত নিম্নোক্ত নিয়মাবলি অনুসরণ বাধ্যতামূলক (সংশোধিত)

১। খেলা নকআউট পদ্ধতিতে অনুষ্ঠিত হবে;

২। খেলা ১০ ওভারে অনুষ্ঠিত হবে;

৩। প্রতিটি দলে সর্বনিম্ন চারজন বোলার বল করতে পারবে। দুই জন বোলার সর্বোচ্চ ৩ ওভার করে এবং দুই জন বোলার সর্বোচ্চ ২ ওভার করে বল করতে পারবে;

৪। Five Star (Khanna) বলে খেলাটি অনুষ্ঠিত হবে;

৫। খেলা চলাকালীন কোন দুর্ঘটনার কারণে খেলা বন্ধ হলে পরবর্তীতে যেখান থেকে খেলা বন্ধ হয়েছিল সেখান থেকে পুনরায় খেলা শুরু হবে;

৬। আম্পায়ার ও খেলা পরিচালনা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে;

৭।এই খেলায় এলবিডব্লিউ/মানকাডিং আউট থাকবে না;

৮। চাকিং বোলার গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না;

৯। প্রতিটি দলকে উদ্বোধনী খেলার দিনে জার্সিসহ মাঠে উপস্থিত থাকতে হবে;

১০। অনার্স নিয়মিত/অনিয়মিত প্রত্যেক খেলোয়াড় (৬ বছরের নিবন্ধন বর্তমান থাকা সাপেক্ষে) খেলতে পারবে। তবে চতুর্থ বর্ষের মৌখিক পরীক্ষা শেষ হলে সংশ্লিষ্ট খেলোয়াড় আর খেলতে পারবে না;

১১। মাস্টার্স নিয়মিত (২৩-২৪) শিক্ষার্থীরা নিয়মিত খেলোয়াড় আর খেলতে পারবে, তবে তাদের ক্ষেত্রে রেজি:কার্ডের কপি কমিটির নিকট জমা দিতে হবে। যাদের মৌখিক পরীক্ষা শেষ হয়ে গেছে তারা খেলতে পারবে না। মানোন্নয়ন ও রিটেক শিক্ষার্থী খেলতে পারবে না;

১২। ডিগ্রীর ক্ষেত্রে (২৩-২৪) শিক্ষাবর্ষ পর্যন্ত শিক্ষার্থীরা খেলতে পারবে। তবে ৩য় বর্ষ পরীক্ষা শেষ হলে সে আর খেলোয়াড় হিসেবে গণ্য হবে না;

১৩। গ্রুপ পর্বের দ্বিতীয় রাউন্ডের পর বিজয়ী ৩ দলের মধ্যে লটারী অনুষ্ঠিত হবে। যে দল লটারীতে বিজয়ী হবে সে দল সেমিফাইনালে যাবে আর অন্য দুটি দল কোয়ার্টার ফাইনাল খেলবে। এই প্রক্রিয়া উভয় গ্রুপের ক্ষেত্রে প্রযোজ্য হবে;

১৪। ব্যাটসম্যান বল খেলার পরে বল যদি ফেটে যায়, সেই বল ডেড বল হিসেবে গণ্য করা হবে;

১৫। প্রতিটি দলকে খেলোয়াড়দের বিভাগ, সেশন, বর্ষ, মোবাইল নম্বর ও রেজি:কার্ডের ফটোকপি সম্বলিত নামের তালিকা খেলা শুরুর ৩০ মিনিট পর্বে কমিটির নিকট জমা দিতে হবে।

অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।

25/11/25
আহ্বায়ক
বহি:ক্রীড়া কমিটি-২০২৬
রাজশাহী কলেজ, রাজশাহী।